# ৩. নাগরিক সেবার বিবরণ-সংবলিত প্রোফাইল ও প্রসেস ম্যাপ

## ৩.১ সেবার নাম: প্রাথমিক সমবায় সমিতি নিবন্ধন

### ৩.১.১ সেবা প্রোফাইল

| সেবা প্রদানকারী অফিসের নাম | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী | সেবাপ্রাপ্তির স্থান | প্রয়োজনীয় সময় |
|---|---|---|---|
| উপজেলা/মেট্রোপলিটন থানা ও জেলা সমবায় কার্যালয় | ১. উপজেলা/ মেট্রোপলিটন থানা সমবায় কর্মকর্তা<br>২. সহকারী পরিদর্শক<br>৩. জেলা সমবায় কর্মকর্তা<br>৪. পরিদর্শক<br>৫. অফিস সহকারী | ১. উপজেলা/মেট্রোপলিটন থানা সমবায় কার্যালয়<br>২. জেলা সমবায় কার্যালয় | ৭-৬০ দিন |

| | |
|---|---|
| সেবা প্রদানের সংক্ষিপ্ত বিবরণ | সরকারি কর্মসূচির আওতাভুক্ত নয় এরূপ সমবায় সমিতি অর্থাৎ সাধারণ জনগণ ২০জন মিলে একটি প্রাথমিক সমবায় সমিতির নিবন্ধন জেলা সমবায় অফিসার প্রদান করে থাকেন। এরূপ সমবায় সমিতি নিবন্ধন পেতে হলে নিম্নরূপ পদক্ষেপ গ্রহণ করতে হবে:<br><br>প্রাপ্তবয়স্ক কমপক্ষে ২০ জন সাধারণ জনগণের আবেদন এবং সমবায় সমিতি নিবন্ধন নীতিমালা,২০১৩ অনুযায়ী সংশ্লিষ্ট কাগজপত্র উপজেলা/মেট্রোপলিটন থানা সমবায় অফিসে দাখিল করতে হয়। উপজেলা সমবায় অফিসার দাখিলকৃত রেকর্ডপত্র নিজে অথবা সহকারী পরিদর্শক সরজমিনে যাচাই করেন। যাচাই শেষে উপজেলা/মেট্রোপলিটন থানা সমবায় অফিসার যাচাই প্রতিবেদন এবং আবেদনকারী কর্তৃক দাখিলকৃত রেকর্ডপত্র জেলা সমবায় অফিসার বরাবরে প্রেরণ করেন।<br><br>জেলা সমবায় অফিসারের নিবন্ধনের বিষয়ে আপত্তি না থাকলে নিবন্ধন প্রদান এবং নিবন্ধনসংক্রান্ত যাবতীয় রেকর্ডপত্র সংশ্লিষ্ট সমবায় অফিস ও আবেদনকারীর নিকট প্রেরণ করেন।<br><br>নিবন্ধনের আপত্তি থাকলে তাঁর কার্যালয়ের পরিদর্শক কর্তৃক সরজমিনে তদন্ত করাবেন এবং তদন্ত প্রতিবেদনের আলোকে নিবন্ধন প্রদান অথবা রেকর্ডপত্র সংশোধনের জন্য বা নিবন্ধন নামঞ্জুর করে নিবন্ধনসংক্রান্ত যাবতীয় রেকর্ডপত্র সংশ্লিষ্ট উপজেলা/মেট্রোপলিটন থানা সমবায় অফিসারের মাধ্যমে আবেদনকারীর নিকট প্রেরণ করবেন। |
| সেবাপ্রাপ্তির শর্তাবলি | **নিম্নলিখিত আইন/বিধিমালা/নীতিমালায় বর্ণিত শর্তাবলি**<br>১. সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত, ২০০২ ও সংশোধিত, ২০১৩)<br>২. সমবায় সমিতি বিধিমালা, ২০০৪<br>৩. মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১<br>৪. সমবায় সমিতি নিবন্ধন নীতিমালা, ২০১৩ |
| প্রয়োজনীয় কাগজপত্র | ১. সমবায় সমিতি বিধিমালাতে উল্লিখিত নির্ধারিত ফরমে আবেদনপত্র<br>২. ৩৪৫.০০ (তিনশত পঁয়তাল্লিশ) টাকা (৩০০.০০ টাকা নিবন্ধন ফি এবং ১৫% ভ্যাট ৪৫.০০) ট্রেজারি চালানের মূল কপি<br>৩. সদস্যদের স্বাক্ষরযুক্ত তিন প্রস্থ উপ-আইন<br>৪. সাংগঠনিক সভার কার্যবিবরণী<br>৫. আয়-ব্যয়ের হিসাব<br>৬. দুই বছরের প্রাক্কলিত বাজেট<br>৭. জাতীয় পরিচয়পত্র/নাগরিকত্বের সনদ<br>৮. আইনানুসারে অঙ্গীকারনামা<br>৯. বাড়িভাড়ার চুক্তিপত্র<br>১০. প্রস্তাবিত ব্যবস্থাপনা কমিটির সদস্যদের ছবিসহ নামের তালিকা |
| প্রয়োজনীয় ফি/ট্যাক্স/আনুষঙ্গিক খরচ | ৩৪৫.০০ (তিনশত পঁয়তাল্লিশ) টাকা (৩০০.০০ টাকা নিবন্ধন ফি এবং ১৫% ভ্যাট ৪৫.০০) |
| সংশ্লিষ্ট আইন/বিধি/নীতিমালা | ১. সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত, ২০০২ ও সংশোধিত, ২০১৩)<br>২. সমবায় সমিতি বিধিমালা, ২০০৪<br>৩. মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১<br>৪. সমবায় সমিতি নিবন্ধন নীতিমালা, ২০১৩ |
| নির্দিষ্ট সেবা পেতে ব্যর্থ হলে পরবর্তী প্রতিকারকারী কর্মকর্তা | যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয় |
| সেবা প্রদান/ প্রাপ্তির ক্ষেত্রে অসুবিধাসমূহ — ক) নাগরিক পর্যায় | সমবায় আইন ও বিধি সম্পর্কে সদস্যদের স্বচ্ছ ধারণা না থাকা,<br>সমিতির রেকর্ডপত্র যথাযথভাবে লিপিবদ্ধ না করা |
| সেবা প্রদান/ প্রাপ্তির ক্ষেত্রে অসুবিধাসমূহ — খ) সরকারি পর্যায় | সমিতির সকল সদস্যের তথ্য যাচাই এবং প্রদত্ত সকল রেকর্ডপত্র স্বল্পসময়ে যাচাই করা অনেক কষ্টসাধ্য |
| বিবিধ/অন্যান্য | |

**বি. দ্র.** অত্র সেবা প্রোফাইল বুকে কাজের যে সময়সীমা ধরা হয়েছে তা আপেক্ষিক, ক্ষেত্রবিশেষে কম/বেশি সময় লাগতে পারে।